দৈনিক খবর

তারিখ 2 1 DEC 1992
পৃষ্ঠা 15 কলাম 8

154

# নগরীর দু'টি কলেজে ছাত্র সংঘর্ষে ৫ জন আহত

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল রোববার নগরীর দু'টি কলেজে বিবদমান ছাত্রদের মধ্যে সংঘর্ষে কমপক্ষে পাঁচজন আহত হয়েছে। আহতদের দু'জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে।

ঢাকা কলেজ ও নিউ মডেল ডিগ্রী কলেজে এ পৃথক দু'টি ঘটনায় জাকির হোসেন আজাদ (২২) ও শ্যামল (২০) নামের দু'জনকে হাসপাতালে চিকিৎসা দেয়াহচ্ছে।

আধিপত্য বিস্তার নিয়ে সকাল সাড়ে ১১টার দিকে ঢাকা কলেজ ক্যাম্পাসে দু'দল ছাত্রের মধ্যে প্রথমে কথা কাটাকাটি ও পরে ধাওয়া-পাল্টা ধাওয়া হয়। এক পর্যায়ে জাকির হোসেন আজাদ (২২) নামে একজন ছাত্রদল কর্মীকে তার প্রতিপক্ষ রাইফেলের বাট দিয়ে মাথায় আঘাত করে এবং প্রহার করে। তাকে আহত অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমাদের মেডিকেল রিপোর্টার জাকির হোসেন আজাদের বরাত দিয়ে জানিয়েছেন, মিলন নামের আরেকজন ছাত্রদল কর্মী তাকে প্রহার করেছে। ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় দু'দলের মধ্যে কয়েক রাউন্ড ফাঁকা গুলী বর্ষিত হয়েছে।

প্রায় একই সময়ে নিউ মডেল ডিগ্রী কলেজে বিবদমান দু'দল ছাত্রের মধ্যে বোমাবাজিতে কমপক্ষে চার ব্যক্তি আহত হয়েছে। বোমায় গুরুতর আহত শ্যামল (২০) নামের একজন ছাত্রকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা গেছে, ঐ কলেজ ক্যাম্পাসে কমপক্ষে ১০টি হাতবোমার বিস্ফোরণ ঘটেছে। এ সময় কলেজ কম্পাসে ধাওয়া-পাল্টা ধাওয়া ও আতংক ছড়িয়ে পড়ে